দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 19 1999
পৃষ্ঠা ২ কলাম ৮

# মাদ্রাসা ছাত্রকে জবাই করিয়া হত্যা

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা ॥ ব্রাহ্মণবাড়িয়া থানার পুলিশ গতকাল (মঙ্গলবার) ব্রাহ্মণবাড়িয়া জামিয়া ইউনুসিয়া মাদ্রাসার ছাত্র পায়েল চৌধুরী (১০)-এর গলাকাটা লাশ উদ্ধার করিয়াছে। পুলিশ

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## হত্যা

(শেষ পৃষ্ঠার পর)

জানায়, গত সোমবার রাতে আখাউড়া-চান্দুরা সড়কের চাওড়া গ্রামের পেয়ারা বাগানে তাহাকে হাত ও পায়ের রগ কাটিয়া এবং জবাই করিয়া নৃশংসভাবে হত্যা করা হয়।

গত সোমবার বিকালে পায়েল চাওড়া গ্রামের নিজ বাড়ীতে যাইবার জন্য নৌকাযোগে ব্রাহ্মণবাড়িয়া হইতে যাত্রা করে।

পুলিশ গতকাল (মঙ্গলবার) তাহার লাশ উদ্ধার করিয়া ময়না তদন্তের জন্য ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতাল মর্গে প্রেরণ করিয়াছে।